

# ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগে আতঙ্ক নয়, প্রতিরোধে চাই জনসচেতনতা

## ডেঙ্গু ও চিকুনগুনিয়া কি ?


ডেঙ্গু ও চিকুনগুনিয়া ভাইরাস জনিত জ্বর। এডিস মশার কামড়ে এই জ্বর হয়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু ও চিকুনগুনিয়া জ্বর ভাল হয়ে যায়। তবে হেমোরেজিক ডেঙ্গু জ্বর মারাত্মক হতে পারে। আতঙ্ক নয়, প্রতিরোধে চাই জনসচেতনতা।



## ডেঙ্গু জ্বর ও চিকুনগুনিয়া রোগের সাধারণ লক্ষণ

ডেঙ্গুজ্বরের সাধারণ লক্ষণ :

- জ্বর।
- মাথা ব্যথা, চোখের পেছনে ব্যথা।
- শরীরে লাল দানা/ফুসকুড়ি (Rash)।



চিকুনগুনিয়া রোগের সাধারণ লক্ষণ :

- জ্বর।
- শরীরের বিভিন্ন গিটে (Joint) ব্যথা।
- শরীরে দানা/ফুসকুড়ি (Rash) থাকতে পারে।



## ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগ প্রতিরোধে করনীয়

ফুলের টব, পরিত্যক্ত টায়ার, মাটির পাত্র, টিনের কোটা, ডাব/নারিকেলের মালা, কন্টেইনার, মটকা ইত্যাদি অপসারণ/ধ্বংস করুন।



আপনার ঘর-বাড়ি এবং আশেপাশে যেকোন পাত্র বা জায়গায় জমে থাকা পানি তিন দিন পর পর পরিষ্কার করুন।



দিনে এবং রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারী ব্যবহার করুন।




মশা শরীরের খোলা স্থানে কামড় দেয় বিধায় যতদুর স্তুব শরীর চেকে রাখুন।



শরীরের অনাবৃত অংশে (যুখম্বল এবং চোখ ব্যতীত) মশা নিবারক ত্রৈম ব্যবহার করা যেতে পারে।



ডেঙ্গু ও চিকুনগুনিয়া সম্পর্কিত যেকোন প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন বা নিকটস্থ হাসপাতালে যোগাযোগ করুন।



## চিকিৎসা :

- পর্যাপ্ত বিশ্রাম নিবেন।
- তরল জাতীয় খাবার, স্যালাইন বেশি করে খাবেন।
- প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন বা নিকটস্থ হাসপাতালে যোগাযোগ করুন।



জনসচেতনতায় : স্বাস্থ্য বিভাগ ও আরবান প্রাইমারী হেলথ কেয়ার  
সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

